



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা।
www.cooperative.digholia.khulna.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.৪৭৪০.০০০.০০০.৩৯.০০০১.২৬.৬১

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

বিষয়: নিবন্ধনবিহীন “ স্বপ্নধারা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি: ” নামে অবৈধ সমবায় সমিতির কার্যক্রম বন্ধ করা প্রসঙ্গে।
সূত্র: জেলা সমবায় কার্যালয়, খুলনার ২৯/৬/২০২৬ খ্রি. তারিখের ৬৯৯ নম্বর স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ২৮/৬/২০২৬ খ্রি. তারিখে বিভিন্ন অনলাইন সংবাদ মাধ্যমে প্রকাশিত দিঘলিয়া উপজেলাধীন দৌলতপুরস্থ ৮২৩/১৩, আপার যশোর রোড, হাজী শরিয়তুল্লাহ মার্কেট, দৌলতপুর ঠিকানায় সমবায় বিভাগের নিবন্ধন বিহীন “স্বপ্নধারা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:” নামে অবৈধ সাইনবোর্ড স্থাপন পূর্বক সমবায় সমিতির কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। যা সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৯(১)(২) ধারার বিধান অনুসারে আইনত দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায় সমবায় বিভাগের নিবন্ধন বিহীন “স্বপ্নধারা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:” নামে অবৈধ সাইনবোর্ড তাৎক্ষণিকভাবে অপসারণ পূর্বক অবৈধ সমবায় কার্যক্রম বন্ধ করার জন্য বলা হলো। অন্যথায় সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৯(৪) ধারা মোতাবেক এ ধরনের অবৈধ সমবায় কার্যক্রম পরিচালনার দায়ে অনধিক ০৭(সাত) বছরের কারাদণ্ড বা অন্যান্য ১০(দশ) লক্ষ টাকা অর্থ দণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় করা হবে।

বিষয়টি জনস্বার্থে অতীব জরুরী।

২৯-০৬-২০২৬

খন্দকার জহিরুল ইসলাম
উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা।
ফোন : ০২৪৭৭৭৩৩৮১৫
ইমেইল : digholiauco@gmail.com

জনাব মোঃ আঃ রহিম শিকদার, পিতা: আঃ মালেক শিকদার
৮২৩/১৩, আপার যশোর রোড, হাজী শরিয়তুল্লাহ মার্কেট, দৌলতপুর, খুলনা। মোবাইল নম্বর: ০১৭১২৯৯৫৫৭৭

স্মারক নম্বর: ৪৭.৬১.৪৭৪০.০০০.০০০.৩৯.০০০১.২৬.৬১/১ (৪)

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, দিঘলিয়া, খুলনা।।
- ৩। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, খুলনা।
- ৪। অফিসার ইন চার্জ, দৌলতপুর থানা, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা।।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

২৯-০৬-২০২৬

খন্দকার জহিরুল ইসলাম

উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা।